ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিঃ
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাড়ী নং-০৪, রোড নং-২১, সেক্টর নং-০৪
উত্তরা, ঢাকা-১২৩০
www.dhakabrt.gov.bd

স্মারক নং- ৩৫.০৬.০০০০.০০০.১১.০০১.২৩-১০৩৯ তারিখঃ ১৩ এপ্রিল, ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) একটি শতভাগ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান। গাজীপুর হতে হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর পর্যন্ত ২০.৫০ কি:মি: পথে আধুনিক বাস সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে যানজটমুক্ত, নিরাপদ ও সময় সাশ্রয়ী উন্নত যাত্রী সেবা প্রদানই ঢাকা বিআরটি'র মূল লক্ষ্য। উক্ত লক্ষ্য পূরণের উদ্দেশ্যে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত সুবিধাদি ও শর্তানুসারে ব্যবস্থাপনা পরিচালক পদটি পূরণের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও বেতন | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়স | কর্মপরিধি | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | ব্যবস্থাপনা পরিচালক (কোম্পানী গ্রেড-১) মূল বেতন ১৭৫,০০০/-, বাড়ি ভাড়া ভাতা মূল বেতনের ৫০% | ০১ | ৬০ বৎসর, (আবেদন দাখিলের শেষ তারিখে) | ব্যবস্থাপনা পরিচালক কোম্পানীর প্রধান নির্বাহী হিসেবে পরিচালনা পর্ষদের নিকট দায়বদ্ধ থাকবেন। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতি ও কৌশলগত পরিকল্পনা বাস্তবায়ন করবেন। এছাড়া কোম্পানীর প্রাতিষ্ঠানিক, প্রশাসনিক, মানব সম্পদ ব্যবস্থাপনা, অর্থনৈতিক, বানিজ্যিক ও আইনগত বিষয়সহ সার্বিক কার্যক্রম পরিচালনা করবেন। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৫.০ স্কেলে ৩.৫/৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে **অনুরূপ** সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রী কিংবা **অনুরূপ** সিজিপিএ বা সমমানের ফিন্যান্স/বিজনেস এডমিনিস্ট্রেশন/ ম্যানেজমেন্ট/ ইকনোমিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী;<br><br>তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। | অনূন্য ২০ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অনূন্য ৩ বৎসর উর্ধ্বতন ব্যবস্থাপনা পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। |

**অন্যান্য শর্তাবলীঃ**

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.dhakabrt.gov.bd, www.rthd.gov.bd, dtca.portal.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হবে এবং চাকুরীকাল সন্তোষজনক হলে পর্ষদের সিদ্ধান্তক্রমে চাকুরীর মেয়াদ সর্বোচ্চ ০৫ বছর পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে।

৩. ঢাকা বিআরটি কোম্পানীর "কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯" অনুযায়ী বার্ষিক বেতন বৃদ্ধি, বাড়ী ভাড়া, উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, চিকিৎসা ভাতা, যৌথ বীমা, সার্বক্ষণিক গাড়ি সুবিধা, টেলিফোন ভাতা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদিসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। আয়কর সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকারি মালিকানাধীন কোম্পানী-তে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫. দাখিলকৃত আবেদনপত্র, কর্ম অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতার কোনো তথ্য অসম্পূর্ণ হলে আবেদনপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬. আবেদনের সাথে প্রার্থীগণকে ক) জীবন-বৃত্তান্ত; খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ; গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ; ঙ) নাগরিকত্ব সনদ; চ) চারিত্রিক সনদ (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত) - এর ০১ (এক) কপি সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ও স্থায়ী ঠিকানা (ইংরেজী ও বাংলা), মোবাইল নম্বর ও ই-মেইল আইডি উল্লেখ করতে হবে।

৮. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৬০ (ষাট) বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate); প্রযোজ্য ক্ষেত্রে, দেশী বেসরকারি বিশ্ববিদ্যালয়/ বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

১০. আবেদনপত্র অবশ্যই আগামী ১৫-০৫-২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ৪:০০ ঘটিকা) "কোম্পানী সচিব", ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি), বাসা # ০৪, সড়ক # ২১, সেক্টর # ০৪, উত্তরা, ঢাকা-১২৩০ বরাবর ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

১১. আবেদন ফি বাবদ অফেরৎযোগ্য ১০০০/- (এক হাজার) টাকা "Dhaka BRT Company Limited" এর অনুকূলে পে অর্ডার করতে হবে এবং পে অর্ডার কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১২. আবেদনকৃত প্রার্থীগণের মধ্য হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত সনদ দাখিল করতে হবে।

১৫. পরীক্ষার সময় অবশ্যই শিক্ষা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদের সকল মূল কপি প্রদর্শন করতে হবে।

১৬. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩.০৪.২৩

(মো: সাইফুল ইসলাম)
কোম্পানী সচিব
ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড
ফোন-০২-৪৮৯৫৯১০২
ই-মেইল: cs.dbrtc@gmail.com